



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৬/২০১৬

তারিখ: ২০-০৭-২০১৬

বিষয় : গৃহ নির্মাণ অগ্রিমের বিপরীতে লিয়েনকৃত ভবিষ্য তহবিল হিসাব অবমুক্তকরণ প্রসংগে ।

গৃহ নির্মাণ অগ্রিমের বিপরীতে লিয়েনকৃত ভবিষ্য তহবিল হিসাব অবমুক্তকরণ বিষয়ে কর্মী ব্যবস্থাপনা বিভাগের ০৭-০৩-২০১৬ তারিখের সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-২/২০১৬ আংশিক সংশোধন করে পরিচালনা পর্ষদের ৪৪৩ তম সভায় নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ-

গৃহ নির্মাণ অগ্রিমের বিপরীতে লিয়েনকৃত ভবিষ্য তহবিল হিসাব অবমুক্তকরণ বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের পরিপ্রেক্ষিতে কর্মী ব্যবস্থাপনা বিভাগের সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-২/২০১৬ তারিখ ০৭-০৩-২০১৬ এর ২(গ) অনুচ্ছেদ আংশিকভাবে সংশোধন করে নিম্নরূপভাবে প্রতিস্থাপনের অনুমোদন দেওয়া হলো :

শৃংখলা মোকদ্দমার সিদ্ধান্ত অনুযায়ী টাকা আদায়ের সিদ্ধান্ত থাকলে উক্ত টাকা ও গৃহ নির্মাণ অগ্রিম স্থিতির যোগফল গ্রস পেনশনের ১ম অর্ধাংশের আনুতোষিকের কম হলে লিয়েন অবমুক্ত করা যাবে। তবে শৃংখলা মোকদ্দমা ও ১ম খণ্ড/বিশেষ নিরীক্ষা আপত্তি অনিস্পন্ন থাকলে ভবিষ্য তহবিল লিয়েন অবমুক্তির জন্য বিবেচনা করা যাবেনা।

০২। গৃহ নির্মাণ অগ্রিমের বিপরীতে লিয়েনকৃত ভবিষ্য তহবিল হিসাব অবমুক্তকরণের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত ও এতদবিষয়ে কর্মী ব্যবস্থাপনা বিভাগের সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০২/২০১৬ এর অন্যান্য বিষয়াদি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জারি করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ নূরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-২০/২০১৬-২০১৭/১৮৫(৫-৪৭)

তারিখ : ২০-০৭-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা।
- ৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া।
- ১৫। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৬। অফিস নথি।

(মোঃ শহীদুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক